# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 02.09.2024 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) নারী ও শিশুদের ওপর যৌন নির্যাতন ও ধর্ষণে অভিযুক্তদের ফাঁসির মতো সর্বোচ্চ শাস্তির সংস্থান রেখে নতুন একটি আইন আনার লক্ষ্যে রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন আজ শুরু হয়েছে। আগামীকাল অপরাজিতা নারী ও শিশু সংশোধনী নামে বিলটি পেশ করা হবে।

২) আর জি কর-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় নগরপাল বিনীত গোয়েলের পদত্যাগের দাবিতে জুনিয়ার ডাক্তারদের পক্ষ থেকে আজ লালবাজার অভিযানের ডাক দেওয়া হয়। পুলিশ মিছিল আটকে দিলে দেখা দেয় তুমুল উত্তেজনা।

আর জি কর-এর ঘটনার প্রতিবাদে বিজেপির জেলাশাসকের দফতর অভিযানকে কেন্দ্র করে কলকাতা সহ  বিভিন্ন জেলা আজ রণক্ষেত্রের চেহারা নেয়।

৩) সুপ্রিম কোর্ট ছাত্র সমাজের নেতা সায়ন লাহিড়ীর জামিনের বিরোধিতা করে দাখিল করা রাজ্যের মামলা খারিজ করে দিয়েছে।

৪)  রাজ্য সরকার, হরিয়ানায় গনপিটুনিতে নিহত বাসন্তীর পরিযায়ী শ্রমিকের পরিবারের একজনকে চাকরি দেবে।

৫) আজ কৌশিকী অমাবশ্যা। এই উপলক্ষে তারাপীঠে লক্ষাধিক ভক্তের সমাগম।

oooooooooooooooooooooooo

নারী ও শিশুদের উপরে যৌন নির্যাতন এবং ধর্ষনে অভিযুক্তদের ফাঁসির মত কঠোর সর্বোচ্চ শাস্তির সংস্থান রেখে নতুন একটি আইন আনার লক্ষ্যে রাজ্য বিধানসভায় আজ দুই দিনের বিশেষ অধিবেশন শুরু হয়েছে।

আগামীকাল বেলা বারোটায় রাজ্য সরকারের তরফে আইন মন্ত্রী মলয় ঘটক বিলটি বিধানসভায় উত্থাপন করবেন।

নারী ও শিশুদের নিরাপত্তা সুনিশ্চিত করতেই যৌন নির্যাতন, ধর্ষণ ও গণধর্ষণ সংক্রান্ত আইনকে আরও কঠোর রূপ দিতে অপরাজিতা নারী ও শিশু (পশ্চিমবঙ্গ ফৌজদারি আইন সংশোধনী) নামে প্রস্তাবিত এই বিলটিতে ভারতীয় ন্যায় সংহিতা ও ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও পকসো আইনেরও কয়েকটি ধারা সংশোধন করে কঠোরতর বিধি যুক্ত করা হয়েছে।

প্রস্তাবিত বিলের খুঁটিনাটি নিয়ে আমাদের প্রতিনিধি জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooooooooooo

এদিকে আজ অধিবেশনের শুরুতেই বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শোক প্রস্তাবে আর জি করের তরুনী চিকিৎসকের নাম যুক্ত করার দাবি জানালে আদালতের নির্দেশ অনুযায়ী অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তা খারিজ করে দেন।

এরপরে সদ্য প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য র প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব অনুমোদনের পরে অধিবেশন দিনের মত মুলতুবি হয়ে যায়।

কিন্তু এরপরেও একই দাবিতে বিজেপি পরিষদীয় দল অধিবেশন কক্ষে বসে থাকে। এই ঘটনায় যুক্ত অপরাধীদের কঠোর শাস্তির দাবি ও নির্যাতিতার আত্মার শান্তি কামনা

করে এক মিনিট নীরবতা পালন ও বিধানসভা ভবনের মধ্যে মোমবাতি মিছিলে অংশ নেন তাঁরা। কিছুক্ষন বাদে অবশ্য প্ল্যাকার্ড হাতে তারা বাইরে বেরিয়ে আসেন।

পরে বিধানসভার প্রবেশ পথের বাইরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন,

(বাইট – শুভেন্দু)

শোক প্রস্তাবে বিশিষ্ট ব্যক্তিদের নাম উল্লেখের পর প্রাকৃতিক বিপর্যয় ও অন্যান্য দুর্ঘটনায় মৃতদের বিদেহী আত্মার শান্তি কামনা করার বিষয়ে রাজ্যপালের ভাষণের বইতে উল্লেখ রয়েছে। তাই সেই আইন মেনেই আরজিকরে মৃত চিকিৎসকের নাম শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত এবং নীরবতা পালন করার জন্য পরিষদীয় দল অধ্যক্ষের কাছে আবেদন জানিয়েছিল। তবে বিধানসভায় আগামীকাল যে বিল আনা হচ্ছে সেই বিলের আলোচনায় তিনি এবং মহিলা বিধায়করা অংশ নেবেন বলে শ্রী অধিকারী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালের তরুণী পিজিটি-র ধর্ষণ ও খুনের প্রমাণ লোপাটে কলকাতা পুলিশের সক্রিয় ভূমিকার অভিযোগ এবং ১৪-ই আগস্ট রাতে আর জি করে দুষ্কৃতি হামলার সময় পুলিশী নিষ্ক্রয়তার প্রতিবাদে ও নগরপাল বিনীত গোয়েলের পদত্যাগের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্সদের পক্ষ থেকে আজ লালবাজার অভিযানের ডাক দেওয়া হয়। কলেজ স্কোয়ারে জমায়েতের পর মিছিল শুরু হয় বেলা তিনটে নাগাদ। কলেজ স্ট্রীট থেকে এম জি রোড – সেন্ট্রাল অ্যাভিনিউ, বিবি গাঙ্গুলী স্ট্রীট হয়ে মিছিল লালাবাজার অভিমুখে যাওয়ার সময় ফিয়ার্স লেনের সামনে পুলিশ লোহার ব্যারিকেড করে আটকে দেয়। লালবাজারে যাওয়ার দাবিতে অনড় জুনিয়ার ডাক্তারদের প্রতিনিধিদের সঙ্গে কলকাতা পুলিশের ডিসি দেবব্রত সরকারের তীব্র বাদানুবাদ শুরু হয়। পুলিশের অনুমতি না মেলায় আন্দোলনকারীরা বিবি গাঙ্গুলী স্ট্রীটে বসেই বিক্ষোভ দেখাতে শুরু করেন।

জুনিয়ার ডাক্তার ফ্রন্টের পক্ষ থেকে ডাক্তার অনিকেত মাহাতো বলেন,

(বাইট – ডাক্তার)

পরে অতিরিক্ত পুলিশ সুপার আশীষ বিশ্বাসের হস্তক্ষেপে স্হির হয়, প্রতিনিধি দলকে যেতে দেওয়া হবে, কিন্তু মিছিল এগোতে দেওয়া হবে না। আন্দোলনকারীরা তাতে রাজি হয়নি। শেষ খবর পাওয়া পর্যন্ত অবস্হান চলছে।

পুলিশ কমিশনারের পদত্যাগের দাবিতে জুনিয়ার ডাক্তারদের আন্দোলনে পাশে থাকার বার্তা নিয়ে বিভিন্ন জেলা হাসপাতালের জুনিয়ার ডাক্তাররাও আজ প্রতিবাদ বিক্ষোভ পালন করেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী জুনিয়ার ডাক্তারদের এই লালবাজার অভিযানকে সাধুবাদ জানিয়েছেন। সাংবাদিকদের আজ তিনি বলেন, পুলিশ মানুষের জীবনকে গুরুত্ব না দিয়ে বাংলার মানুষকে চরম বিপর্যয়ের মুখে ঠেলে দিচ্ছে। জুনিয়ার ডাক্তাররা ধৈর্য্য সহকারে যে অহিংস আন্দোলন চালাচ্ছে, তার সফলতা একদিন আসবে।

নিরস্ত্র জুনিয়ার চিকিৎসকদের লালবাজার অভিযানে যেভাবে পুলিশ লোহার ব্যারিকেড দিয়ে আটকেছে, তা অমানবিক ও খুবই দুঃখজনক বলে নির্যাতিতার বাবা মা দাবি করেছেন। আজ সন্ধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তারা জানান, চিকিৎসকদের দাবি মেনে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের তাদের সঙ্গে দেখা করা উচিত ছিলো। মেয়ের ন্যায় বিচারের দাবিতে যারাই রাস্তায় আন্দোলন করছেন, তাদের পাশে সবসময় রয়েছেন বলে নির্যাতিতার বাবা মা আবারও জানান।

oooooooooooooooooooooooo

আর জি কর-এর ঘটনার প্রতিবাদে বিজেপি-র জেলাশাসকের দফতর অভিযানকে কেন্দ্র করে কলকাতা সহ বিভিন্ন জেলা আজ রণক্ষেত্রের চেহারা নেয়।

কোচবিহারে জেলাশাসকের দফতরে ব্যারিকেডের সামনে মিছিল পৌঁছলে, পুলিশ বিক্ষোভকারীদের বাধা দেয়। সেখানে বিজেপি কর্মীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি বাধে , শুরু হয় ধাক্কাধাক্কি। জল কামান দিয়ে ভীড় ছত্রভঙ্গ করার চেষ্টা চালায় পুলিশ। লাঠি চার্জ করে বিজেপি কর্মীদের সরিয়ে দেওয়া হয়। তারা তখন পুলিশকে লক্ষ্য করে ইট ছুঁড়লে পুলিশও কয়েক রাউন্ড কাঁদানে গ্যাসের সেল ছোঁড়ে। দু-পক্ষের গন্ডগোলের মধ্যেই প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক সহ ২২ জন বিজেপি কর্মী সমর্থককে পুলিশ গ্রেফতার করে।

মূর্শিদাবাদেও এই নিয়ে তুমুল উত্তেজনা দেখা দেয়। বহরমপুর টেকস্টাইল কলেজ মোড় থেকে দলীয় কর্মীরা প্রশাসনিক ভবনের দিকে যাওয়ার চেষ্টা করলে সভামঞ্চের আগেই পুলিশ তাদের আটকে দেয়। শুরু হয় ধাক্কাধাক্কি। প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষের নেতৃত্বে কর্মীরা কর্ডন ভাঙার চেষ্টা করলে ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। দিলীপবাবু বলেন, রাজ্যজুড়ে তারা শান্তিপূর্ণভাবেই মিছিল করছিলেন। কিন্তু পুলিশ তাদের আটকে কর্মসূচী অশান্ত করে তোলে।

হাওড়া ময়দানের কাছে বিক্ষোভকারীরা জমায়েত হয়ে জেলাশাসকের দফতরে ঢুকে যাওয়ার চেষ্টা করলে পুরসভার সামনে পুলিশের পক্ষ থেকে তাদের আটকে দেওয়া হয়। এই নিয়ে তুমুল উত্তেজনা ছড়ায়।

শিলিগুড়িতে জেলা কার্যালয়ে জমায়েত হন বিজেপি-র সাংগঠনিক জেলার কর্মকর্তারা। হিলকার্ড রোড ধরে মহকুমা শাসকের দফতরের দিকে যাওয়ার সময় তাদের পুলিশের বাধার মুখে পড়তে হয়। এরপর ঘণ্টাখানে চলে এই বিক্ষোভ অবস্থান। দলের জেলা সভাপতি জানিয়েছেন, এমাসের চৌঠা ও ৬ তারিখে ফের একাধিক কর্মসূচী হাতে নেওয়া হবে।

পুরুলিয়ায় বিক্ষোভ আন্দোলন চলাকালীন পুলিশের লাঠির ঘায়ে এক বিজেপি-র কর্মীর চোখে গুরুতর আঘাত লাগে। তাকে ভর্তি করা হয়েছে পুরুলিয়া মেডিকেল কলেজ

হাসপাতালে। এই আন্দোলনের মধ্যেই পুরুলিয়া সদর থানার আই সি-ও অসুস্থ হয়ে পড়েন। পরে তার সহ কর্মীরা চোখে-মুখে জল ছিটিয়ে সুস্থ করে তোলেন।

বর্ধমানে বিক্ষোভকারীরা জেলাশাসক অফিস ঘেরাও কর্মসূচী নেয়।
বিক্ষোভকারীরা কার্জনগেটে এসে প্রথম ব্যারিকেড ভেঙে ফেলে। এরপর তারা জমায়েত হয় দ্বিতীয় ব্যারিকেডের সামনে। সেখানে শ্লোগান দিতে থাকে। এরপর দলের  দুই জেলা সভাপতি সহ সাতজনের প্রতিনিধিদল জেলাশাসক রাধিকা আইয়ারের কাছে ডেপুটেশন দেয়।

বাঁকুড়া, মালদা সহ অন্যান্য জেলা থেকেও এই কর্মসূচীকে ঘিরে উত্তেজনার খবর মিলেছে।

কলকাতার আলিপুরে জেলাশাসকের দফতর ঘেরাও করে বিক্ষোভ দেখান লকেট চট্টোপাধ্যায়, যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি কোচবিহারে দলের জেলাশাসকের দপ্তর ঘেরাও কর্মসূচিতে পুলিশের আক্রমণের তীব্র নিন্দা করেছে । দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক ভিডিও বার্তায় জানিয়েছেন, মুখ্যমন্ত্রী রাজ্যের আইন ও শৃঙ্খলা নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছেন তাই মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে আজ রাজ্যের সর্বত্র জেলাশাসকের দপ্তর ঘেরাও কর্মসূচি পালন করা হয়। তিনি অভিযোগ করেন,শান্তিপূর্ণ মিছিলের ওপর পুলিশকে দিয়ে লাঠি চালনা করিয়েছেন। পুলিশ লাঠি চালানোর পাশাপাশি টিয়ার গ্যাস ও জলকামান ছুড়েছে এবং মহিলা কর্মীদের ওপর লাঠি চালনা করেছে। এইভাবে শান্তিপূর্ণ মিছিলের ওপর আক্রমণে বিজেপি চুপ করে থাকবে না। এর প্রতিবাদে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলন করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর কাণ্ডের আবহে দক্ষিণ ২৪ পরগনার সাগরের একটি স্কুলে সপ্তম শ্রেণীর ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগে এক শিক্ষককে পুলিশ আজ গ্রেফতার করেছে। প্রকাশ জানা নামে ওই ব্যক্তিকে আগামীকাল কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হবে। এই ঘটনায় অভিভাবক ও স্থানীয় বাসিন্দাদের লাগাতার বিক্ষোভ আন্দোলনের জেরে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আজ সাগর থানায় অভিযোগ দায়ের করেন। তার ভিত্তিতেই গ্রেফতার করা হয় অভিযুক্ত শিক্ষককে।

আগেই জানানো হয়েছে, সপ্তম শ্রেণীর ওই ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগকে ঘিরে আজ সেখানে ধুন্ধুমার পরিস্থিতির সৃষ্টি হয়। অভিযুক্ত শিক্ষক ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের শাস্তির দাবিতে স্কুল গেটে তালা লাগিয়ে বিক্ষোভ দেখান অভিভাবক ও স্হানী বাসিন্দারা।

মুড়িগঙ্গা গ্রাম পঞ্চায়েতের তৃণমূল প্রধান গোবিন্দ মণ্ডল ও পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ, প্রতিবাদীদের ওপর চড়াও হলে  দু'পক্ষের মধ্যে ধস্তাধস্তিতে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বিক্ষোভের দরুণ ছাত্র-ছাত্রী ও শিক্ষকরা স্কুলে ঢুকতে পারেননি।

উল্লেখ্য, অভিযুক্ত শিক্ষক সপ্তম শ্রেণির ওই ছাত্রীকে ক্লাসের বাইরে ডেকে নিয়ে গিয়ে শ্লীলতাহানি করেন ও কুপ্রস্তাব দেন। বিষয়টি জানার পর মেয়েটির  পরিবার স্কুলে গেলে শিক্ষকরা বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন। এমনকি থানায় অভিযোগ জানাতেও তাদের বারণ করা হয় ।

oooooooooooooooooooooooo

মহিলাদের নিয়ে কুরুচিকর মন্তব্য করার জন্য অশোকনগরের তৃণমূল কংগ্রেস নেতা অতীশ সরকারকে  দল থেকে এক বছরের জন্য সাসপেন্ড করেছে তৃণমূল।

উল্লেখ্য, ৩১ আগস্ট মুখ্যমন্ত্রীর নির্দেশের পর অশোকনগর কচুয়া মোড় এলাকায় তৃণমূলের একটি প্রতিবাদ সভার একটি ভিডিও সমাজ মাধ্যমে ভাইরাল হলে উত্তেজনা ছড়ায়। ওই ভিডিও-তে  তৃণমূল নেতা অতীশ সরকারকে, মমতা ব্যানার্জিকে নিয়ে

কুরুচিকর মন্তব্য করা হলে, সেই বাড়ির মা বোনদের ছবি বিকৃতি করে বাড়ির দরজায় লাগিয়ে দেওয়া হবে বলে হুমকি দেন। এই নিয়ে তোলপাড় রাজনৈতিক মহল।

এদিকে, অতীশ সরকার বলেছেন, মুখ্যমন্ত্রীকে নিয়ে যারা কুরুচিকর মন্তব্য করেছে, তাদের উদ্দেশেই তাঁর এই বক্তব্য। তবে, এজন্য কারোর মনে আঘাত লেগে থাকলে তিনি তাদের কাছে ক্ষমা চান।

ooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট ছাত্র সমাজের নেতা সায়ন লাহিড়ীর জামিনের বিরোধিতা করে দাখিল করা রাজ্যের মামলা খারিজ করে দিয়েছে। শীর্ষ আদালতের বিচারপতি জে পি পাড্রিওয়ালা আজ বলেছেন, ওই ছাত্র নেতার জামিন মঞ্জুর হওয়াই উচিত। তবে, এফ আই আর খারিজ করার বিষয়টি বিবেচনা করাই যেতে পারে।

উল্লেখ্য, গত ২৭-শে আগস্ট আর জি কর কান্ডে সুবিচারের দাবিতে নবান্ন অভিযানের ডাক দেয় পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ। ওই অভিযানকে কেন্দ্র করে বিভিন্ন অশান্তির ঘটনার পর, পুলিশ অভিযানের আহ্বায়ক সায়ন লাহিড়ীকে গ্রেফতার করে। গ্রেফতারির বিরোধিতায় সায়ন হাইকোর্টের দ্বারস্থ হলে বিচারপতি অমৃতা সিনহা তাকে মুক্তির নির্দেশ দেয়। এর বিরোধিতায় রাজ্য সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়।

ooooooooooooooooooooooooo

রাজ্য সরকার, হরিয়ানায় কাজে গিয়ে গনপিটুনিতে নিহত দক্ষিন চব্বিশ পরগনার বাসন্তীর পরিযায়ী শ্রমিক সাবির মল্লিকের পরিবারের একজনকে চাকরি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

তৃনমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ আজ সমাজ মাধ্যমে এই কথা জানিয়েছেন।

রাজ্য পরিযায়ী শ্রমিক কল্যান পর্ষদের দায়িত্বে থাকা সামিরুল ইসলামের নেতৃত্বে এক প্রতিনিধি দল ইতিমধ্যেই নিহত শ্রমিকের বাড়িতে গিয়ে তার পরিবারের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার কথা জানান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও নিহতের পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন বলে কুনালবাবু জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ কৌশিকী অমাবস্যা। পুরাণ অনুসারে, ভাদ্র মাসের অমাবস্যা তিথিতে দেবী কৌশিকী, শুম্ভ ও নিশুম্ভকে বধ করেন। কথিত আছে, সাধক বামাক্ষেপা কৌশিকী অমাবস্যায় সিদ্ধিলাভ করেছিলেন। এই উপলক্ষ্যে **তারাপীঠে** লক্ষাধিক ভক্ত ও পুণ্যার্থীর সমাগম হয়েছে। আয়োজন করা হয়েছে মেলার'ও । ভিড় সামাল দিতে **পূর্ব রেল** একজোড়া বিশেষ ট্রেন চালাচ্ছে। হাওড়া থেকে রামপুরহাটের মধ্যে এই ট্রেন চলাচল করবে আগামী তিনদিন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০